1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु

Rs 1000

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

Stamped u/s 6/4 of I. S. Act
under the India Stamp Act 189[illegible]
Corrected upto 1974 Schedule
No. 23. Fees paid Rs 2189.00
4150

District Sub-Registrar
Sonarpur, 24-Parganas

থানা - সোনারপুর , মৌজা - লাঙ্গলবেড়িয়া ,

২,০০,০০০, ঃ দুই লক্ষ টাকা মূল্যের

নিস্বত্ব সাফ, বিক্রয় কোবালা দলিল ,

জমি - ১-৩৩ এক একর তেত্রিশ শতক ॥-

..... ..... ..... .....

কোবালা গ্রহীতা :-

শ্রী অসীম কুমার ঘোষ , পিতা - মৃত অনিল কুমার ঘোষ ,

জাতি - হিন্দু , পেশা - চাষ , সাং - লাঙ্গলবেড়িয়া ,

থানা - সোনারপুর , জেলা - দক্ষিণ ২৪ পরগনা ॥-

........



Serial No. 13,129
Sold to Asimk Ghosh
Langal Beria
P.S. Sonarpur
24 - Pgs (S)

D........ 19....
1. 8. 97

10 @ 10000/- 12.12
Aug 7
Madan Mohan Ghosh

1) Madan Mohan Ghosh 2) Nirodi Chand Ghosh, 3) Nitai Ch. Ghosh. 4) Gour Ch. Ghosh 5) Subhash Ch. Ghosh S/o Lt. Kartick Ch. Ghosh.
6) SailyaBalaGhosh w/o Birodanath Ghosh.
7) Sabita Ghosh w/o Sunil Ch. Ghosh.
8) Aryanti Ghosh w/o Sambhu Charan Ghosh.
9) Karuna Ghosh w/o Gopal Ghosh.
10) Shikha Ghosh w/o Ramchandra Ghosh.
11) Kumari Rekha Ghosh D/o Lt. Kartick Ch. Ghosh.

শ্রী মদন মোহন ঘোষ

S.R. District Sub-Registrar
Sonarpur, 24 Parganas (S)
6 AUG 199

8551

Langalberia

Hindu
Service & Market Busin

শ্রী মদন মোহন ঘোষ

8552

শ্রী নিরোদ চাঁদ ঘোষ

8553

Jyotirmay Ghosh
S/o Lt. Anil Ghosh
Langalberia
Hindu
Business

শ্রী নিতাই চাঁদ ঘোষ

Jyotirmoy Ghosh
Lt. - Anil Ghosh
Business. Langalberia

S.R. District Sub-Registrar
Sonarpur, 24 Parganas (S)
6 AUG 97

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु.    Rs 1000

भारत


एक हज़ार रुपये    ONE THOUSAND RUPEES

।২।

কোবালা দাতা :-

১। শ্রী মদন মোহন ঘোষ , ২। শ্রী নিমাই চাঁদ ঘোষ , ৩। শ্রী নিতাই চন্দ্র ঘোষ , ৪। শ্রী গৌর চন্দ্র ঘোষ , ৫। শ্রী সুভাষ চন্দ্র ঘোষ , ৬। কুমারী রেখা ঘোষ , পিতা - মৃত কার্তিক চন্দ্র ঘোষ , সাং - লাঙলবেড়িয়া , থানা - সোনারপুর , ৭। শ্রীমতী শৈলীবাল ঘোষ , স্বামি - শ্রী বীরেন্দ্রনাথ ঘোষ , সাং - কোদালিয়া , সুভাষগ্রাম , থানা - সোনারপুর , ৮। শ্রীমতী সবিতা ঘোষ , স্বামি - শ্রী সুনীল চন্দ্র ঘোষ , সাং - নওয়াপাড়া থানা - সোনারপুর , ৯। শ্রীমতী জয়ন্তী ঘোষ , স্বামি - শ্রী শম্ভু চরন ঘোষ , সাং - মাহিনগর , পোঃ- মালঞ্চ - মাহিনগর , থানা - সোনারপুর , ১০। শ্রীমতী শিখা ঘোষ , স্বামি - শ্রী রামচন্দ্র ঘোষ , সাং - কোদালিয়া , সুভাষগ্রাম , থানা - সোনারপুর , জেলা - দক্ষিন ২৪ পরগনা ।- ১১। শ্রীমতী করুনা ঘোষ , স্বামি - শ্রী গোপাল ঘোষ ,

1000Rs.




।৩।

সাং - উমুনপুর , আগরপাড়া , জেলা - উত্তর ২৪ পরগনা ।-

সর্ব্ব জাতি - হিন্দু , পেশা - ১, ৩ নং চাকুরী , ২, ৪, ৫ নং ব্যবসা বক্রি সকল দাতা - গনের পেশা - গৃহকার্য্য ।।-

*********

কস্য আমাদের পিতা স্বর্গীয় কার্ত্তিক চন্দ্র ঘোষ মহাশয়ের ওয়ারিশান সূত্রে প্রাপ্ত বহুকালের খাসে ভোগ দখলী হাল রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের জমি জমা মায় দরবস্তু হক, হকুক সহ যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ চিরতরে নিস্বত্ব সাফ, বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

1000 Rs.

INDIA NON JUDICIAL

१000रु. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

। ৪ ।

জেলা দক্ষিন ২৪ পরগনা থানা ও এ্যাঃডিঃ সাবরেজিস্ট্রী অফিস সোনারপুরের এলাকাধীন , মৌজা লাঙ্গলবেড়িয়া গ্রামের মধ্যে হাল ৪০০ নং খতিয়ান ভূক্ত ৭৮৮ নং দাগে শালি ৪৯ শতক , ৮০৩ নং দাগে শালি ৪২ শতক ও ৮০৪ নং দাগে শালি ৪২ শতক , মোট ১-৩৩ এক একর তেত্রিশ শতক জমি অত্র কোবালা দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে ।।-

উক্ত বিক্রীত দাগ সমূহের সম্পূর্ণ জমি সায় আরো অন্যান্য জমি জমা সহ অত্র দাতাগন আমাদের পিতা কার্ত্তিক চন্দ্র ঘোষ মহাশয় হাল রিভিসানাল সেটেলমেন্ট জরিপে নিজ নাম বরাবর ষোল আনা রকম অংশ রেকর্ড ভূক্ত করিয়া মালিক সরকারে ধার্য্য খাজনাদি সন সন আদায়ে বহুকাল যাবৎ অন্যের বিনা স্বত্ত্ব সংশ্রবে খাসে ভোগবান দখলীকার থাকাকালে

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु.   Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हजार रुपये   ONE THOUSAND RUPEES

পরলোক গমন করিলে তাঁহার ওয়ারিশান সূত্রে তাঁহার ত্যাক্ত যাবতীয় সম্পত্তি আদি অত্র ১ - ৫ নং দাতাগন আমরা পুত্র বিধায় এবং ৬ - ১১ নং দাতাগন আমরা কন্যা বিধায় সমতুল্যাংশে প্রাপ্ত হই । এমতে বিক্রীত জমি জমা অত্র দাতাগন আমরা পিতার ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া মালিক সরকারে ধার্য্য খাজনাদি আদায়ে বহুকাল যাবৎ এজমালে খাসে ভোগবান ভোগবতী দখলীকার দখলকারিনী আছি ও হইতেছি । উহাতে আমাদের প্রত্যেকের বিক্রয় যোগ্য উত্তম স্বত্ব বিদ্যমান আছে ও হইতেছে ।।-

এক্ষনে আমাদের নানাবিধ বৈধ কারনে নগদ টাকার বিশেষ আবশ্যকে নিম্ন তপশীল বর্নিত জমি জমা আমরা একত্রে বিক্রয় করিবার জন্য ঘোষনা করিলে অত্র গ্রহীতা আপনি উক্ত ঘোষনা শ্রবন করত: আপনার নিজ সোপার্জিত অর্থের দ্বারা উক্ত জমি খরিদ করনের প্রস্তাব

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

করায় আমরা আপনার প্রস্তাবে সম্মত হইয়া উক্ত জমি জমার বর্তমান বাজার যাচাই সর্বোচ্চ মূল্য - ২,০০,০০০, ম দুই লক্ষ টাকা পন লইয়া আপনার অনুকূলে নিঃস্বত্ব সাফ, বিক্রয় করিয়া আমরা স্বীকার অঙ্গীকার প্রচার ও প্রকাশ করিতেছি যে , উক্ত জমি জমাতে আমাদের যাহা কিছু স্বত্ত্ব স্বামিত্ব হক, হকিয়ৎ দখল বা অধিকার যাহা কিছু ছিল বা আছে তাহা অদ্য হইতে আপনাতে অর্পিল ও বর্তাইল ॥-

আপনি অদ্যকার তারিখ হইতে নিম্ন তপশীল বর্নিত জমিতে আমাদের যাবতীয় স্বত্ত্বে স্বত্ত্ববান দখলে কায়েম দখলীকার হইয়া মালিক সরকারে আমাদের বহতা নাম খারিজ দিয়া আপনার নিজ নাম পত্তনে ও নিরূপিত করাদি আদায়ে দান বিক্রয় বন্ধক প্রভৃতি সকল প্রকার হস্তান্তর-আদির কার্যের দ্বারা পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগনক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন , তাহাতে আমরা বা আমাদের অন্য কোন ওয়ারিশানগন আপনার খরিদা জমিতে

1000Rs.

INDIA NON JUDICIAL

१000 रु

Rs 1000

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

কোন প্রকার দাবী দাওয়া বা ওজর আপত্তি করি বা কেহ করে তাহা সর্বত্র সর্ব্বাদালতে অগ্রাহ্য ও নামঞ্জুর হইবেক ॥-

আরও প্রকাশ থাকে যে বিক্রীত জমি বা উহার কোন অংশ আমরা ইতিপূর্বে অন্য কাহারও নিকট কোন প্রকার দান বিক্রয় কিম্বা বন্ধকাদির দ্বারা দায় সংযোগ করি নাই বা আমাদের অন্য কোন সরিক বা স্বত্ববান ব্যক্তি নাই বা কাহাকেও প্রজাবিলি বা লীজ্‌ দিই নাই বা কোন কোম্পানী বা গভর্নমেন্ট কর্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই বা কোন আদালত কর্তৃক ক্রোক বা নিলাম হয় নাই বা কোন মামলা মকর্দ্দমার বিষয় ভূক্ত নহে বা কাহারও নিকট বিক্রয় করিবার চুক্তি করিয়া কোন প্রকার বায়নাপত্র সহি সম্পাদন করি নাই , সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দোষ অবস্থায় নিম্ন তপশীল বর্নিত আমাদের খাস দখলীয় জমি জমা আপনাকে বিক্রয় করিলাম এবং অদ্যই আপনাকে খাস দখল প্রদান করিলাম ॥-

1000Rs.

INDIA NON JUDICIAL

১০০০রু. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

।৮।

যদি ভবিষ্যতে আমাদের কৃত কোন কার্য্যের দোষে বা কোন সরিক উদ্ভব হইয়া বা উপরোক্ত উক্তি মিথ্যা প্রকাশ পাইয়া আপনার খরিদা স্বত্বের কোনরূপ ক্ষতি হয় তাহা হইলে আমাদের খাস দখলীয় সমমূল্যের অন্যান্য স্থাবর অস্থাবর সম্পত্তি হইতে সেই সমস্ত ক্ষতিপূরণ করিতে ও দখল স্বত্ব বজায় রাখিতে বা কোবালার লিখিত টাকা সুদ সহ ফেরত দিতে আমরা বাধ্য থাকিলাম। আরও উল্লেখ থাকে যে বিক্রীত দলিলের কোন অংশ ভুল ভ্রান্তি প্রকাশ পাইয়া ভবিষ্যতে কোন সংশোধন দলিলের আবশ্যক হইলে পুনরায় বিনা পনে আপনার খরচায় ও তলবে যথাস্থানে উপস্থিত হইয়া উক্ত সংশোধন দলিলাদি রেজিষ্ট্রী করিয়া দিতে আমরা মায় ওয়ারিশানক্রমে বাধ্য থাকিলাম ও থাকিবেক ॥-

এতদর্থে স্বেচ্ছায় সুস্থ শরীরে অন্যের বিনানুরোধে স্বজ্ঞানে সরল অন্তকরনে কোবালার লিখিত টাকা বুঝিয়া পাইয়া অত্র নিস্বত্ব সাফ, বিক্রয় কোবালা সহি সম্পাদন করিয়া দিলাম ॥-

ইতি তারিখ :- বাংলা ১৪০৪ সনের - ২১ শে শ্রাবণ -

ইংরাজী ১৯৯৭ সালের - ৬ই - আগষ্ট -

- - - - - - - - - - -

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु. Rs 1000

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

- :: তপশীলে বিক্রীত সম্পত্তির পরিচয় :: -

জেলা দক্ষিন ২৪ পরগনা থানা ও এ্যাঃডিঃ সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর পরগনা মাগুরা , মৌজা নারকেলবেড়িয়া গ্রামে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের মালিক ২৪ পরগনা কালেকটার অধিনে একজমা যুক্ত ১-৯৬ শতক জমির বার্ষিক খাজনা ২০৲ টাকা জমার মধ্যে বিক্রীত ১-৩৩ শতক জমির বার্ষিক হারাহারি খাজনা ১০.৫৭ পয়সা জমা , মূল্য - ২,০০,০০০৲ দুই লক্ষ টাকা , জেএলঃ ৮৮ নং , রেঃসাঃ ২১১ নং , তৌজি ৬১ নং , খতিয়ান হাল ৪০০ চারি শত নং যুক্ত । উক্ত জমি বায়নান নামক সিলিং এলাকার বর্হিভুত ।।-

দাগ ৭৮৮ সাত শত অষ্টআশি নং দাগে শালি ৪৯ উনপঞ্চাশ শতক জমি ।

দাগ ৮০৩ আট শত তিন নং দাগে শালি ৪২ বিয়াল্লিশ শতক জমি ।

দাগ ৮০৪ আট শত চার নং দাগে শালি ৪২ বিয়াল্লিশ শতক জমি ।

- - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - -

সর্ব্ব মোট ১-৩৩ এক একর তেত্রিশ শতক জমি অত্র কোবালা দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে।




টাকার জায় :- ১০০ টাকার নোট ২০০০ কেতায় মোট ২,০০,০০০, দুই লক্ষ টাকা ।-

মুসাবিদাকারক :-

ইসাদি :-

Jyotirmoy Ghosh.
Langalberia.

টাইপকারক :- Habibur Rahaman
সোনারপুর সাবরেজিস্ট্রী অফিস ।।-

12223

Asim Kr Ghosh
Haigal Bazar
P.S. Sonarpur
24-Pgs (S)

1.8.97

10 @ 100/- 1000/-

2-7-97

Rs 5/-
2
106
977/978
385